


# স্বায়েম কমিকস



$$E = mc^2$$

$\pi$

$$f = ma$$

আমি হচ্ছি  
প্লুটো- দ্যা ম্যাগনিফায়ার!!  
ইয়ে মানে, ওটাই তো আমার  
কাজ, তাইনা? দেখতেই পাচ্ছে-  
আমি একটা ম্যাগনিফাইং গ্লাস।  
তবে সবাই আমাকে প্লুটো  
বলেই ডাকে।

কেমন আছ সবাই?  
আমি রিফ্রি! আমার বন্ধুরা  
ডাকে সবজাত্তা রিফ্রি, ওরা  
বিজ্ঞানের পড়া না বুঝলে  
আমি বুঝিয়ে দেই তো  
এজন্য!





# অভিশাপের পাল্লা!

নাজরীন সুলতানা মিত্র



দে বলছি!

না! দেব না!!

দে বলছি প্লুটো!  
ভাল হবে না বলে দিচ্ছি!!



কেন দেব?  
আম্মার টিফিন  
তোকে কেন দেব?

দিবি না?  
আজ যদি আম্মার কথা  
না শুনিস, অভিশাপ নেমে  
আসবে তোরা ওপর...

হেহ! বললেই হল!  
যত্নসব...



বিশ্বাস হচ্ছেনা?

একটু পরেই সূর্য ঢেকে যাবে  
অভিশাপের আঁধারে...

তোরা একটা ভুলের মাসুল  
দেবে পুরো পৃথিবী!

ফা-ফা-ফালতু  
কথা বলবিনা  
দীপু, খবরদার!



বিশ্বাস হল না?? দ্যাখ  
অন্ধকার নেমে আসল বলে...

স্যান্ডউইচটা এদিকে  
দে শিগগিরি!!!

হুঁহ! পুরা খটখটে রোদ...  
এ কী!! হায় হায়! এ তো  
সত্যিই অন্ধকার হয়ে আসছে...



রিফ্রিহুঁহুঁ!!

হল কী প্লুটো?

এই দ্যাখো! দীপুকে  
টিফিন দিয়ে দেই নি  
বলে ও অভিশাপ  
দিয়ে পৃথিবী অন্ধকার  
করে দিচ্ছে...

অভিশাপ না কটু!  
বুদ্ধ কোথাকার!  
আজকে পত্রিকায় দেখ নি?






আজকে তো পূর্ণ সূর্যগ্রহণ!

মানে??

মানে তোমার মামা!  
সূর্যগ্রহণের সময় সূর্য  
চাঁদের ছায়ায় ঢেকে  
যায় জানো না?




বললেই হল! সূর্যকে ঢেকে দেবে  
চাঁদ?? সূর্য কত বিরাআআআট!  
চাঁদ তো সূর্যের তুলনায় কত ছোট!



সেটা ঠিকই বলেছি!

কিন্তু পৃথিবী থেকে সূর্যের গড় দূরত্ব কত তা জানো?  
৯ কোটি মাইলেরও বেশি! দূরের বলেই আমরা  
আকাশে সূর্যকে এত ছোট দেখি।

অথচ চাঁদ পৃথিবীর থেকে কত ছোট হওয়ার পরেও  
তাকে সেই তুলনায় বড় দেখায় কারণ পৃথিবী থেকে  
চাঁদের দূরত্ব গড়ে আড়াই লাখ মাইলেরও অনেক  
কম। পৃথিবী সূর্যকে ঘিরে ক্রমাগত ঘুরছে, আর  
চাঁদ ঘুরছে পৃথিবীকে ঘিরে।



এভাবে ঘুরতে ঘুরতে কোন কোন সময় তিনটি গোলক  
একসঙ্গে এক সারিতে পড়ে যায়। এসময় পৃথিবী আর  
সূর্যের মাঝখানে চাঁদ পড়লে সূর্য পুরোই চাঁদের আড়ালে  
ঢাকা পড়ে যায়, তখন একে বলে **পূর্ণগ্রাস সূর্যগ্রহণ!**

পূর্ণচ্ছায়া  
(পূর্ণ গ্রহণের সময়)

উপচ্ছায়া

